যুগান্তর

পৃষ্ঠা ... 22 AUG 2016 ... কলাম ...

# পাবনায় স্কুলের জায়গা দখল করে যুবলীগের অফিস

পাবনা প্রতিনিধি

পাবনার আটঘরিয়া উপজেলার দেবোত্তর পাইলট বালিকা উচ্চবিদ্যালয়ের জায়গা অবৈধভাবে দখল করে যুবলীগের অফিস নির্মাণ করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ নিয়ে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ অভিভাবকদের মধ্যে চরম ক্ষোভ বিরাজ করছে। প্রতিকার চেয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে আবেদন করেছেন।

জানা গেছে, ওই স্কুলের সভাপতি রবিউল ইসলাম রবি নিজে উপস্থিত থেকে বিদ্যালয়ের নিজস্ব জায়গায় উপজেলা যুবলীগের অফিস হিসেবে দোচালা ঘর নির্মাণকাজ করছেন।

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবদুল কাদের জানান, স্কুলের সভাপতি দলের দাপট দেখিয়ে স্কুলের জায়গা দখল করেছেন। বারবার নিষেধ করা সত্ত্বেও তার দলবল নিয়ে তিনি যুবলীগের অফিস বানাচ্ছেন। বিষয়টি আটঘরিয়া উপজেলা নির্বাহী অফিসার ও থানা কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির কয়েকজন সদস্য, শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয়রা নির্মাণকাজ বন্ধের দাবি জানিয়েছেন। আটঘরিয়া উপজেলা নির্বাহী অফিসার আলীমুন রাজীব যুগান্তরকে বলেন, এ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি জেলা উচ্ছেদ কমিটির মিটিংয়ে তোলা হবে। স্কুলের জায়গায় ঘর হলে তা অবশ্যই উচ্ছেদের ব্যবস্থা করা হবে।

এ ব্যাপারে অভিযুক্ত স্কুলের সভাপতি রবিউল ইসলাম রবি যুগান্তরকে বলেন, উপজেলা যুবলীগের নেতারা এটি করেছেন। আমার কোনো দোষ নেই। সভাপতি হিসেবে আপনি কেন বাধা দেননি— এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমি নিজেই হুমকির মধ্যে আছি। এদিকে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দাবি, যুবলীগের সভাপতি পদে নির্বাচন করার জন্য প্রস্তুতির অংশ হিসেবে এই ঘর তুলছেন স্কুল সভাপতি।




পাবনার আটঘরিয়ায় স্কুলের জমিতে যুব লীগের কার্যালয় — যুগান্তর